



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বাজেট শাখা



আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান।

সভাপতি	বেগম রাশেদা জামান যুগ্মসচিব
সভার তারিখ	২৭/০১/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	ভার্চুয়াল প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সহকারী সচিব (বাজেট) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। সহকারী সচিব (বাজেট) মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন একে একে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধির জবাবের প্রেক্ষিতে উক্ত দপ্তরের ফিডব্যাক প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধির জবাবের প্রেক্ষিতে প্রতি তিন মাস অন্তর অন্তর প্রকল্পের PIC সভা আয়োজন করে এর প্রমাণক হিসেবে সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য এবং প্রকল্প সমাপ্ত হওয়ার পর প্রকল্পে ব্যবহৃত গাড়ি, আসবাবপত্রসহ যাবতীয় মালামাল ফেরত প্রদান করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) মন্ত্রণালয়ের অনুরূপ দপ্তর/সংস্থাসমূহকে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- খ) প্রতি তিন মাস অন্তর অন্তর প্রকল্পের PIC সভা আয়োজন করে এর প্রমাণক হিসেবে সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং
- গ) কোন প্রকল্প সমাপ্ত হওয়ার পর প্রকল্পে ব্যবহৃত গাড়ি, আসবাবপত্রসহ যাবতীয় মালামাল ফেরত প্রদান করতে

হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বেগম রাশেদা জামান  
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১.৩৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৮

৩০ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ৬) জনাব রাশেদা জামান, যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) উপসচিব (ক্রীড়া) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

এস. এম. হুমায়ুন কবির  
সহকারী সচিব